

রাবিতে ভর্তি আবেদন শুরু ২০ নভেম্বর, পরীক্ষা শুরু ১৬ জানুয়ারি

রাবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের

মাত্রক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে

আগামী ২০ নভেম্বর থেকে, যা চলবে ৬ ডিসেম্বর পর্যন্ত। এ বছর

ভর্তি কার্যক্রমে কোনো প্রাথমিক বাছাই প্রক্রিয়া থাকছে না এবং

দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগও থাকবে

শিক্ষার্থীদের জন্য।

রবিবার (২৬ অক্টোবর) সন্ধিয়ায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ

দপ্তরের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার স্বাক্ষরিত

এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১৬ জানুয়ারি 'সি' (বিজ্ঞান)

ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে ভর্তি পরীক্ষা শুরু হবে।

এরপর ১৭ জানুয়ারি 'এ' (মানবিক) ইউনিটের ও ২৪ জানুয়ারি 'বি' (বাণিজ্য) ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিদিন দুটি শিফটে সকাল ১১টা থেকে ১২টা এবং বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষাগুলো রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাড়াও দেশের পাঁচটি আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

২০২৪ ও ২০২৫ সালে অনুষ্ঠিত এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যোগ্যতা অনুযায়ী তিনি ইউনিটেই আবেদন করতে পারবেন।

মানবিক ও বাণিজ্য শাখায় আবেদনকারীর এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০সহ মোট জিপিএ ৭.০০ এবং বিজ্ঞান শাখায় ন্যূনতম জিপিএ ৩.৫০সহ মোট জিপিএ ৮.০০ থাকতে হবে। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাস শিক্ষার্থীদের প্রাপ্ত জিপিএ ৫.০০ ক্ষেত্রে নির্ধারিত হবে।

'ও' লেভেল পরীক্ষায় পাঁচটি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় লেভেলে মোট সাতটি বিষয়ের মধ্যে অন্তত তিনটিতে 'সি' গ্রেড থাকতে হবে।

ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীদের চূড়ান্ত আবেদনকালে আলাদা ফর্ম পূরণ করতে হবে।

এ বছর এ ও সি ইউনিটে আবেদন ফি ১,৩২০ টাকা এবং বি ইউনিটে ১,১০০ টাকা নির্ধারণ করা হয়েছে। সব ফি-এর সঙ্গে ১০ শতাংশ সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

এমসিকিউ পদ্ধতিতে এক ঘণ্টাব্যাপী ১০০ মিনিটের ভর্তি পরীক্ষা
অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটে ৮০টি প্রশ্ন থাকবে এবং প্রতি চারটি
ভুল উত্তরের জন্য এক নম্বর কাটা যাবে।

ভর্তি পরীক্ষায় পাস নম্বর নির্ধারণ করা হয়েছে ৪০।

কোটা (মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃগোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী, খেলোয়াড়
ও বিকেএসপি) প্রার্থীদের অনলাইনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী
আবেদন করতে হবে।

উল্লেখ্য, এ ইউনিটভুক্ত মানবিকে রয়েছে কলা, আইন, সামাজিক
বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট। বি
ইউনিটে বিজনেস স্টাডিজ অনুষদ ও ব্যবসায় প্রশাসন ইনসিটিউট
এবং সি ইউনিটে বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান,
ফিশারিজ ও ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্স অনুষদ
রয়েছে। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য ও প্রযোজ্য শর্তাবলি
পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও সংবাদপত্রে প্রকাশিত
বিজ্ঞপ্তিতে জানানো হবে।

